

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৫০

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (ৠৄৄৣ্ছ্) এর বরকত

## আরবী

عن سَهْلِ بْنِ سَعْدِ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ يَوْمَ خَيْبَرَ لأُعْطِيَنَّ هَذِهِ الرَّايَةَ رَجُلاً يَفْتَحُ اللهُ عَلَى يَدَيْهِ يُحِبُّ اللهَ وَرَسُوْلَهُ وَيُحِبُّهُ اللهُ وَرَسُوْلُهُ قَالَ فَبَاتَ النَّاسُ يَدُوكُونَ لَيْلَتَهُمْ أَيُّهُمْ يَعْطَاهَا \_ قَالَ \_ فَلَمَّا أَصِبْحَ النَّاسُ غَدَوْا عَلَى رَسُوْلِ اللهِ عَلَيْ كُلُّهُمْ يَرْجُونَ أَنْ يُعْطَاهَا يُعْطَاهَا \_ قَالَ \_ فَلَمَّا أَصِبْحَ النَّاسُ غَدَوْا عَلَى رَسُوْلِ اللهِ عَلَيْ كُلُّهُمْ يَرْجُونَ أَنْ يُعْطَاهَا فَقَالُ أَيْنَ عَلِيٌّ بْنُ أَبِي طَالِبٍ فَقَالُوا هُوَ يَا رَسُوْلَ اللهِ يَشْتَكِى عَيْنَيْهِ \_ قَالَ \_ فَأَرْسَلُوا إِلَيْهِ فَلَا يَشْتَكِى عَيْنَيْهِ \_ قَالَ \_ فَأَرْسَلُوا إِلَيْهِ فَلَا أَيْنَ عَلِيٌ بُنُ أَبِي طَالِبٍ فَقَالُوا هُوَ يَا رَسُوْلَ اللهِ يَشْتَكِى عَيْنَيْهِ \_ قَالَ \_ فَأَرْسَلُوا إِلَيْهِ فَأَتِي بِهِ فَبَصَتَقَ رَسُوْلُ اللهِ عَيْنَيْهِ وَدَعَا لَهُ فَبَرَأً حَتَّى كَأَنْ لَمْ يَكُنْ بِهِ وَجَعُ فَاللهُ الرَّايَةَ وَمَعَاهُ الرَّايَةَ

## বাংলা

(২৭৫০) সাহল ইবনে সা'দ সায়েদী (রাঃ) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খায়বার (যুদ্ধের) দিন বললেন, নিশ্চয় আমি আগামীকাল যুদ্ধ-পতাকা এমন এক ব্যক্তিকে দেব, যার হাতে আল্লাহ বিজয় দান করবেন, আর সে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূলকে ভালবাসে এবং আল্লাহ ও তাঁর রসূলও তাকে ভালবাসেন। অতঃপর লোকেরা এই আলোচনা করতে করতে রাত কাটিয়ে দিল যে, তাদের মধ্যে কোন ব্যক্তিকে এটা দেওয়া হবে। অতঃপর সকালে তারা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেল। তাদের প্রত্যেকেরই এই আকাজ্ফা ছিল যে, পতাকা তাকে দেওয়া হোক। কিন্তু তিনি জিজ্ঞাসা করলেন, আলী ইবনে আবী ত্বালেব কোথায়? তাঁকে বলা হল, 'হে আল্লাহর রসূল! তাঁর চক্ষুদ্বয়ে ব্যথা হচ্ছে।' তিনি বললেন, তাকে ডেকে পাঠাও। সূতরাং তাঁকে ডেকে আনা হল। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার চক্ষুদ্বয়ে থুথু লাগিয়ে দিলেন এবং তাঁর জন্য দু'আ করলেন। ফলে তিনি এমন সুস্থ হয়ে গেলেন; যেন তাঁর কোন ব্যথাই ছিল না। অতঃপর তিনি তাঁকে যদ্ধ-পতাকা দিলেন।

## ফটনোট

(বুখারী ২৯৪২, ৩৭০১, মুসলিম ৬৩৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন